

## 🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২: ৪২

## 💵 আরবি মূল আয়াত:

## 🗚 অনুবাদসমূহ:

নাকি তারা ষড়যন্ত্র করতে চায়? অতএব যারা কুফরী করে তারাই হবে ষড়যন্ত্রের শিকার। — আল-বায়ান নাকি তারা (তোমার বিরুদ্ধে) চক্রান্ত করতে চায়? তাহলে কিন্তু কাফিররাই চক্রান্তের ফাঁদে আটকা পড়বে। — তাইসিরুল

অথবা তারা কি কোন ষড়যন্ত্র করতে চায়? পরিণামে কাফিরেরাই হবে ষড়যন্ত্রের শিকার। — মুজিবুর রহমান

Or do they intend a plan? But those who disbelieve - they are the object of a plan. — Sahih International

- ৪২. নাকি তারা কোন ষড়যন্ত্র করতে চায়? পরিণামে যারা কুফরী করে তারাই হবে ষড়যন্ত্রের শিকার।(১)
  - (১) মক্কার কাফেররা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কষ্ট দেয়া ও তাকে হত্যা করার জন্য একত্রে বসে যে সলাপরামর্শ করতো ও ষড়যন্ত্র পাকাতো এখানে সেদিকে ইংগিত করা হয়েছে। [দেখুন: কুরতুবী, ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

- (৪২) অথবা তারা কি কোন ষড়যন্ত্র করতে চায়? [1] পরিণামে অবিশ্বাসীরাই হবে ষড়্যন্ত্রের শিকার। [2]
  - [1] অর্থাৎ, আমার নবীর সাথে, যাতে সে ধ্বংসের মুখে পতিত হয়ে পড়বে।
  - [2] অর্থাৎ, চক্রান্ত তাদেরই উপর ফিরে আসবে এবং যাবতীয় ক্ষতির স্বীকার তারাই হবে। যেমন মহান আল্লাহ বলেন, {وَلَا يَحِيقُ الْمَكُرُ السَّيِّيُّ إِلَّا بِأَهْلِهِ} (সূরা ফাত্বির ৪৩) তাই তো বদরযুদ্ধে এই কাফেররাই নিহত হয় এবং আরো বহু স্থানে তারা অপমান ও লাঞ্ছনার শিকার হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4777

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন